ভৈরব নদের পানির নিচ থেকে উঠে আসছে তেলজাতীয় পদার্থ

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামে ভৈরব নদের পানির নিচ থেকে অজ্ঞাত উৎস থেকে তেলজাতীয় পদার্থ ভেসে উঠছে। মঙ্গলবার (২৯ জুলাই) সকাল থেকে বন্দর গ্রামের কফি হাউজ সংলগ্ন নদীপাড়ে এ দৃশ্য দেখা যাচ্ছে, যা এলাকাবাসীর মধ্যে কৌতূহলের পাশাপাশি উদ্বেগও তৈরি করেছে।

সরেজমিনে দেখা গেছে, নদীর কিনারা ঘেঁষা হাঁটুসমান পানির নিচ থেকে তেল জাতীয় এক ধরনের পদার্থ ফিনকি দিয়ে বেরিয়ে আসছে এবং তা পানির ওপরে ছড়িয়ে পড়ছে। পদার্থটি দেখতে অনেকটা ডিজেলের মতো এবং এর গন্ধও ডিজেলের সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

স্থানীয়রা জানান, বাঁশ বা লাঠি দিয়ে নদীর তলদেশে চাপ দিলে আরও বেশি পরিমাণে তেলজাতীয় পদার্থ উঠছে। এটি কোথা থেকে আসছে—তা কেউ নিশ্চিত করে বলতে পারছে না।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. খায়রুল ইসলাম। তিনি বলেন, “বিষয়টি আমরা গুরুত্ব সহকারে দেখছি। ইতোমধ্যে সংশ্লিষ্ট পরিবেশ অধিদপ্তরসহ অন্যান্য কর্তৃপক্ষকে জানানো হয়েছে।”

এদিকে, স্থানীয়দের দাবি, দ্রুত এই তেলজাতীয় পদার্থের নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠানো হোক এবং উৎস চিহ্নিত করে জননিরাপত্তা নিশ্চিত করা হোক।